



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ কার্যক্রম শুরু হয়েছে। ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রতিটি বিভাগের পক্ষ থেকে নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে শ্রেণি কক্ষে বরণ করে নেয়া হয়। এ দিন সকালে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ কার্যক্রম পরিদর্শন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় নবাগত শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করেন উপাচার্য মহোদয়। কুশল বিনিময়কালে উপাচার্য মহোদয় নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তিনটি বিষয়ে তোমাদের দায়বদ্ধতা রয়েছে। পরিবারের প্রতি, দেশের প্রতি ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এদেশ স্বাধীনতা লাভ করেছে। এ বিষয়গুলোসহ স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চেতনা এবং আদর্শকে মন ও মননে গেঁথে তোমরা তোমাদের জীবনকে পরিচালিত করবে। উপাচার্য মহোদয় নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যাগিং সম্পূর্ণরূপে নিষিদ্ধ। যদি তোমরা কেউ র্যাগিংয়ের শিকার হও তাহলে সেটি তাত্ক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করবে। র্যাগিংয়ের বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জিরো টলারেন্স নীতি অনুসরণ করে। র্যাগিংয়ের সাথে জড়িত কাউকে ছাড় দেয়া হবে না। এছাড়াও উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের সকল নিয়ম কানুন মেনে চলতে শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। চলতি ২০২১-২২ শিক্ষাবর্ষের বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ১৪৯০টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। এরমধ্যে বিজ্ঞান ও প্রকৌশল এবং জীববিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ৬০০টি। সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক এবং আইন অনুষদে আসন সংখ্যা ৫৯০টি এবং ব্যবসা শিক্ষা অনুষদে আসন রয়েছে ৩০০টি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা  
প্রশাসনিক কর্মকর্তা  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়